

১) অর্থ লেখ।

- ক) অবস্থান — একই জায়গায় থাকা।  
খ) অনাহার — উপোস দিয়ে।  
গ) মৃত্যুমুখে — মরে যাওয়ার অবস্থায়।  
ঘ) সন্তর্পণে — অতি সাবধানে।  
ঙ) ক্ষিপ্ৰগতিতে — দ্রুতবেগে।

২) বাক্য রচনা কর।

- ক) প্রত্যাবর্তন — সোমেনবাবু আজই বিদেশ থেকে প্রত্যাবর্তন করেছেন।  
খ) সন্তর্পণে — পাহাড়ি পথে সন্তর্পণে চলতে হয়, না হলে বিপদ ঘটে।  
গ) জীবনধারণ — কৃষকেরা চাষবাস করে জীবনধারণ করে।  
ঘ) ইতস্তত — ইতস্তত না করে যা বলার বলে ফেলো।  
ঙ) উর্ধ্বশ্বাসে — গ্রামবাসীদের তাড়া খেয়ে চোরটি উর্ধ্বশ্বাসে ছুটে পালাল।

৩) নীচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

- ক) পিঁপড়েরা দ্রুতবেগে ছুটতে পারে না। (ঠিক)  
খ) নেকড়ে - মাকড়সারা সাধারণত রাতের বেলায় শিকার করে। (ভুল)  
গ) আমাদের দেশে সর্বত্রই নেকড়ে - মাকড়সা আর পিঁপড়ে দুইই দেখা যায়। (ঠিক)  
ঘ) নেকড়ে - মাকড়সারা দলে দলে সার বেঁধে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে। (ভুল)  
ঙ) নেকড়ে - মাকড়সারা এক ইঞ্চি লম্বা হয়। (ভুল)

৪) একটি বাক্যে উত্তর লেখ।

- ক) নেকড়ে - মাকড়সার পিঠের দু-পাশে কি দেখা যায়?  
উঃ নেকড়ে - মাকড়সার পিঠের দু-পাশে কালো ডোরাওয়ানা দাগ দেখা যায়।  
খ) এদের শিকার ধরার কৌশলটি কিরূপ?  
উঃ এদের শিকার ধরার কৌশলটি অতি অদ্ভুত।  
গ) নেকড়ে - মাকড়সারা সন্ধ্যাবেলায় কোথায় যায়?  
উঃ নেকড়ে - মাকড়সারা সন্ধ্যাবেলায় নিজ নিজ বাসায় অথবা কোনো নিরাপদ স্থানে যায়।  
ঘ) তখন তারা কী করে?  
উঃ তখন তারা চুপ করে বসে সেখানে বিশ্রাম করে।  
ঙ) নেকড়ে - মাকড়সারা অপহৃত বস্তু উদরস্থ করার পর কি করে?  
উঃ নেকড়ে - মাকড়সারা অপহৃত বস্তু উদরস্থ করার কিছুক্ষণ পরে আবার পিঁপড়ের মুখ থেকে খাবার ছিনিয়ে নেবার জন্যে অপেক্ষা করতে থাকে।